**বাংলাদেশ কৃষি ব্যাংক** গোপনীয়
প্রধান কার্যালয়,ঢাকা।
*হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩*

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪১৬/(২০১৬-২০১৭)/২০১৭-১৮/ তারিখঃ ২০.০৫.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ সোহরাব উদ্দিন, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত), বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা ইতিপূর্বে ঢাকা মুখ্য অঞ্চলাধীন, বিকেবি, শোল্লা বাজার শাখায় ব্যবস্থাপক (মুখ্য কর্মকর্তা) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য বিভাগীয় শৃংখলাজনিত মামলা নম্বর ৫৪/১৬-১৭ রুজুপূর্বক অত্র বিভাগে ০৩.০৪.২০১৭ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪১৬/২০১৬-২০১৭/৩৩৬০ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষংগিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ সোহরাব উদ্দিন আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদন্ডে দন্ডিত করা হইবে না- এই মর্মে বিগত ২৮.১২.২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪১৬/২০১৬-২০১৭/২২৬৮ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল ;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ সোহরাব উদ্দিন প্রাথমিকভাবে প্রস্তাবিত শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র দপ্তরের ২৮.১২.২০১৭ ইং তারিখের চূড়ান্ত কারন দর্শানো নোটিশের জবাব ১৪.০১.২০১৮ ইং তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার- বিশ্লেষণ করিয়া দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব মোঃ সোহরাব উদ্দিন আপনাকে গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৫। সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে আপনি জনাব মোঃ সোহরাব উদ্দিন আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১) (খ) (আ) প্রবিধি অনুসারে আপনার প্রাপ্য অবসরোত্তর আনুতোষিক সুবিধা হইতে ৭,০৭,৩৫০/- (সাত লক্ষ সাত হাজার তিনশত পঞ্চাশ) টাকা এককালীন কর্তন করিবার জন্য আদেশ দিলেন।

০৬। এছাড়া,কর্তৃপক্ষ উপরোক্ত রায় সংশ্লিষ্ট ব্যবস্থাপক,বিকেবি, শোল্লা বাজার শাখা, ঢাকা-কে নিম্নোক্ত প্রশাসনিক সিদ্ধান্ত দিলেন ঃ

"উল্লেখিত কর্তনযোগ্য টাকা কর্তনের পর যে সমস্ত ঋণ কেইসগুলোর বিপরীতে উকিল নোটিশ ইস্যু করা হয়েছিল সে সমস্ত ঋণ কেইসগুলোর মধ্যে অনাদায়ী ঋণ কেইসগুলোর প্রতিটির বিপরীতে ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা করে জমা করা এবং বন্ধ ঋণ কেইসগুলোর বিপরীতে জমা প্রদানের যোগ্য অবশিষ্ট টাকা (যদি থাকে) ৩১-০৩-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বিকেবি,শোল্লা বাজার শাখার প্রদেয় খাতে জমা রাখা এবং ৩১-০৩-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে উক্ত টাকার দাবীদার পাওয়া না গেলে শাখার আয় খাতে জমা করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।"

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ সোহরাব উদ্দিন (এস-৯২৭)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ।
ঢাকা

স্বাক্ষরিত
(মোঃ মোশাররফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

---

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪১৬/(২০১৬-২০১৭)/২০১৭-১৮/ ৪০৪৭ (৮) তারিখঃ ২০.০৫.২০১৮ ইং
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক,বিকেবি,বিভাগীয় কার্যালয়,ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক,হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২,বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪, বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত রায় মোতাবেক তাহার প্রাপ্য অবসরোত্তর আনুতোষিক সুবিধা হইতে ৭,০৭,৩৫০/- (সাত লক্ষ সাত হাজার তিনশত পঞ্চাশ) টাকা এককালীন কর্তন করিবার সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
০৭। উপ-মহাব্যবস্থাপক,কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত রায় মোতাবেক সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
০৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা। এতদসংগে প্রেরিত মূল ঘোষণা পত্রটি জনাব মোঃ সোহরাব উদ্দিন এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
১২। ব্যবস্থাপক, বিকেবি, শোল্লা বাজার শাখা, ঢাকা। কর্তৃপক্ষের উপরোক্ত রায়ে উল্লিখিত কর্তনকৃত ৭,০৭,৩৫০/- (সাত লক্ষ সাত হাজার তিনশত পঞ্চাশ) টাকার এ্যাডভাইস প্রাপ্তির পর বিকেবি, শোল্লা বাজার শাখার প্রদেয় খাতে জমা রাখিয়া উপরোক্ত প্রশাসনিক নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
১৩। নথি/ মহানথি / মূলনথি।

২১.০৫.১৮
(মোঃ ওবায়েদ উল্যাহ)
সহকারী মহাব্যবস্থাপক

E:\HRMD3\AHSAN\AHSAN ANNOUNS.doc